| রাজস্বের প্রবৃদ্ধি |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।
ওয়েবসাইটঃ www.dknvat.gov.bd

| টেকসই সমৃদ্ধি |
|---|

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ (২৪৭)/ওয়ালটন হাই-টেক/অব্যাহতি/২০২১/ তারিখ: /০৪/২০২২ খ্রিঃ।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ অনুযায়ী **ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৩৫৬৪২২-০১০৩)** নামক প্রতিষ্ঠানটি বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের উৎপাদন কাজে ব্যবহৃত যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) ও বিদ্যুৎ বিলের উপর মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ০৪/০৮/২০২১ খ্রিঃ তারিখ এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী আবেদন পত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য এ দপ্তরের ডেপুটি কমিশনার, মিজ্ ইসরাত জাহান মনি, রাজস্ব কর্মকর্তা, জনাব মোঃ সেলিম উল্যাহ এবং সহকারী রাজস্ব কর্মকর্তা, জনাব আলী হাসান নূর এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিগত জুলাই/২০২০ খ্রিঃ হতে জুন/২০২১ খ্রিঃ অর্থবছর পর্যন্ত উৎসে মূসক বাবদ ২৪,১৬,৯২,৯৬৬.০৬/-(চব্বিশ কোটি ষোল লক্ষ বিরানব্বই হাজার নয়শত ছেষট্টি দশমিক শূন্য ছয়) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করেন। পরিশেষে তদন্ত দল উল্লিখিত টেবিল এ বর্ণিত যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) ও বিদ্যুৎ বিলের উপর, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ অনুযায়ী অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে অভিমত প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী **ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৩৫৬৪২২-০১০৩)** নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| S057 | S057.00 | বিদ্যুৎ বিতরণকারী | ১৬৭৯১৬৭৫ | ১১৩০ |
| | | | ১৬৭৯১৬৮২ | ১১৪০ |
| S037 | S037.00 | যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) | | |

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য যথাযথ পদ্ধতিতে কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য যথাযথ পদ্ধতিতে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

(চলমান পাতা-২)

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ **এপ্রিল, ২০২২ খ্রিঃ** মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

চ. এ দপ্তরের নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ (২৪৭)/ওয়ালটন হাই-টেক/অব্যাহতি/২০২১/৩৭৪২ (৮), তারিখঃ ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখে ইস্যুকৃত পূর্বের আদেশে এতদ্বারা বাতিল করা হলো।

**স্বাক্ষরিত/-**
ফারজানা আফরোজ
কমিশনার
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ (২৪৭)/ওয়ালটন হাই-টেক/অব্যাহতি/২০২১/২৫০৫(৮) তারিখ: ১৭ /০৪/২০২২ খ্রিঃ।

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ</u>

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।

৩। দ্বিতীয় সচিব (মূসক পরিঃ ও প্রর্ত্যপন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

৫। জেনারেল ম্যানেজার ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, জোনাল অফিস, কালিয়াকৈর।

৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-৩। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।

৮। ব্যবস্থাপনা পরিচালক, **ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৩৫৬৪২২-০১০৩)।**

17/04/22

**ড. মোহাম্মদ তাজুল ইসলাম**
অতিরিক্ত কমিশনার